শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 CERTIFIED

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
GAZIPUR PALLI BIDYUT SAMITY-1

সদর দপ্তর
চান্দনা, গাজীপুর।
টেলিফোন: ০২-৯২৬২৭৮৮
ফ্যাক্স: ০২-৯২৬৪৩৪৪
E-Mail:gazipbs@yahoo.com
Web: pbs1.gazipur.gov.bd

স্মারক নং-২৭.১২.৩৩০০.৫৬৯.০১.০৩৮.২০.৭৭৬ তারিখঃ ০৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২২ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দনা, গাজীপুর ও গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর, গাজীপুর এর পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরে রক্ষিত নিম্নবর্ণিত অকেজো ও ব্যবহার অযোগ্য লৌহ জাতীয় হার্ডওয়্যার মালামাল, সিটি/পিটি ও মিটার জাতীয় মালামালসমূহ যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	বিবরণ	পরিমাণ		দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত (টাকা)	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
		গাজীপুর পবিস-১	গাজীপুর পবিস-২					
০১	লৌহ বা ষ্টীল জাতীয় হার্ডওয়্যার মালামাল (বিআরইবি+ডেসা)	৪৬২৫১.২৭ কেজি	১১৬৭৮.৮৫ কেজি	১০০০.০০	দাখিলকৃত মূল্যের ২৫%	২৫/০৩/২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার হতে ০৭/০৪/২১খ্রিঃ তারিখ বুধবার পর্যন্ত	০৮/০৪/২১খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত	০৮/০৪/২১ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০৫ ঘটিকা
০২	সিটি/পিটি (জি-১২, জি-১৫, জি-২০, জি-২২)	৪৭৯ টি	১১ টি					
০৩	সিটি/পিটি (জি-২৩, জিএস-১, জিএস-৩, জিএস-৪)	৬৪ টি	-					
০৪	সিটি/পিটি (জি-১৩, জি-১৪,)	৪০ টি	-					
০৫	মিটার ১ ফেজ (এনালগ)	১২১৩৫ টি	১৮৯৩৬ টি					
০৬	মিটার ১ ফেজ (ডিজিটাল)	১০৭১৫ টি	৬০৮০ টি					
০৭	মিটার ৩ ফেজ (ডিজিটাল)	১০৮ টি	০১ টি					
০৮	মিটার ৩ ফেজ (এনালগ)	২৮৩ টি	-					

শর্তাবলীঃ-

১। আগ্রহী দরদাতাগণ প্রতিটি দরপত্র ক্রয়ের জন্য যে কোন তফসিলি ব্যাংক হতে ছকে উল্লেখিত পরিমান টাকার (অফেরৎযোগ্য) পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট সংযুক্ত করতঃ গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মালামালের ক্ষেত্রে সিনিয়র জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে উল্লেখিত পল্লী বিদ্যুৎ সমিতি-এর সদর দপ্তর অথবা পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

২। দরদাতাগণ আগামী ০৮/০৪/২০২১খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা অথবা গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, চান্দনা, গাজীপুর এবং গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর, গাজীপুর- এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হইবে না।

৩। প্রাপ্ত নিলাম দরপত্র সমূহ ০৮/০৪/২০২১খ্রি. তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা-১২২৯ ও গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, সদর দপ্তর, চান্দনা, গাজীপুর এবং গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর, গাজীপুর এর সদর দপ্তরে খোলা হইবে।

৪। আগ্রহী দরদাতাগণকে দাখিলকৃত দরের সহিত নির্ধারিত হারে দরপত্র জামানত (ফেরৎযোগ্য) জমা দিতে হইবে এবং সম্পূর্ণ আইটেমের দর দাখিল করিতে হইবে।

৫। খামের উপরিভাগে "লৌহ বা ষ্টীল জাতীয় হার্ডওয়্যার মালামাল, সিটি/পিটি ও মিটার জাতীয় মালামালের নিলাম দরপত্র" কথাটি অবশ্যই লিখিতে হইবে।

৬। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে দর প্রদান পূর্বক সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করতে হবে। সাদা কাগজে পূর্ন ঠিকানা (মোবাইল নম্বর সহ) লিপিবদ্ধ করতঃ খামে সীলগালা ব্যবহার করিতে হইবে।

৭। দরদাতাগণকে উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% (শতকরা পঁচিশ) অর্থ নিরাপত্তা জামানত (ফেরৎযোগ্য) হিসাবে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে দরপত্রের সহিত জমা দিতে হইবে। জামানত হিসাবে দরপত্রের সহিত উল্লেখিত হারে নিরাপত্তা জামানত জমা না দিলে বা দরপত্র অসমপূর্ণ থাকলে তা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৮। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য এবং সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত দরের উপর ৭.৫% ভ্যাট ও ৫% উৎসে কর বাবদ প্রযোজ্য অর্থ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামাল গ্রহণ করিতে হইবে। অন্যথায় দরপত্রের সহিত দেয় প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হইবে এবং সরবরাহ আদেশও বাতিল করা হইতে পারে। অকৃতকার্য নিলাম দরদাতাদের নিরাপত্তা জামানত নিয়মানুযায়ী ফেরত প্রদান করা হইবে।

৯। আগ্রহী দরদাতাগণ ইচ্ছা করিলে দরপত্র দাখিলের পূর্বে যে কোন দিন অফিস চলাকালীন সময়ে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর স্টোর, ভুরুলিয়া, গাজীপুর-এ নিলামতব্য মালামাল পরিদর্শন করতে পারিবেন।

১০। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে আইটেম ওয়ারী দর মূল্যায়ন করা হবে। নিলামে অংশগ্রহণকারীগণ এক বা একাধিক আইটেমে অংশগ্রহণ করতে পারবেন। সর্বোচ্চ ও বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা হইবে।

১১। দরপত্রে কোন কাটাছেঁড়া/ ঘষামাজা গ্রহনযোগ্য হইবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হইলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গন্য হইবে।

১২। উল্লেখিত শর্ত বহির্ভূত কোন জটিলতার সৃষ্টি হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে।

১৩। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাস্য থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭(সাত) দিন পূর্বে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এবং গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর মালামালের ক্ষেত্রে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।

১৪। স্ব স্ব সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই এতদসংক্রান্ত যেকোন দরপত্র গ্রহণ/বাতিল করবার ক্ষমতা সংরক্ষণ করেন। উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিত ভাবে সিডিউলে বর্নিত থাকিবে।

/03/2021
(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার